গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নড়াইল সদর, নড়াইল
www.narailsadar.narail.gov.bd

**বিষয়: এপ্রিল/২০২৩ মাসের নড়াইল সদর উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী।**

সভাপতি: মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

সহযোগিতায়:
সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

স্থান : চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল এর অফিস কক্ষ

তারিখ : ৩০/০৪/২০২৩ খ্রি.

সময় : বেলা- ১১: ৩০ টা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট-"ক" দ্রষ্টব্য:

সভার প্রারম্ভে উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকল সদস্যদের অনুরোধ করা হয়। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় উহা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার প্রারম্ভিক বক্তব্যে সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার ক্ষেত্রে সকলের সহযোগিতা কামনা করত: আলোচ্যসূচি অনুযায়ী সকলকে বক্তব্য প্রদানের আহ্বান জানান।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| **#১। স্থায়ী কমিটির সুপারিশসমূহ:** উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, চলতি মাসে অনুষ্ঠেয় স্থায়ী কমিটির দুইটি সভার কার্যবিবরণী পাওয়া যায় পাওয়া গেছে। সকল স্থায়ী কমিটির নিয়মিতভাবে সভা অনুষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে স্থায়ী কমিটিসমূহের নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল এর কার্যালয়ে জমা দেয়ার জন্য সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিব |
| **#২। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি):** উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানী সরকার বিভাগ ৫ম পর্যায়ে ২০২০-২০২১ অর্থ বছরের অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্প প্যাকেজ নং-INF-২০২০-২০২১-৪০৬৫৭৬-০২ এর আওতায় "বোড়ামারা অটিজম ও প্রতিবন্ধী বিদ্যালয়ের শ্রেণিকক্ষ বৃদ্ধিকরণ প্রকল্প" এবং প্যাকেজ নং-INF-২০২০-২০২১-৪০৬৫৭৬-০৩ এর আওতায় "চারিখাদা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ প্রকল্প" দুইটির কার্যক্রম ঠিকাদারী প্রতিষ্ঠান বিকাশ কুমার কুরি এর মাধ্যমে যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। ঠিকাদার অবকাঠামোগত উন্নয়ন উপ-প্রকল্পের প্যাকেজ নং-INF-২০২০-২০২১-৪০৬৫৭৬-০২ এর আওতায় বাস্তবায়িত প্রকল্পের সর্বসাকুল্য বিল ২৭,৪৯,১৮৩/- (সাতাশ লক্ষ উনপঞ্চাশ হাজার একশত তিরাশি) টাকা (ভ্যাট ও আয়করসহ), ভ্যাট=২,০৬,১৮৯/-, আয়কর=৮২,৪৭৫/- এবং নীট বিল ২৪,৬০,৫১৯/- (চব্বিশ লক্ষ ষাট হাজার পাঁচশত উনিশ) টাকার এবং প্যাকেজ নং-INF-২০২০-২০২১-৪০৬৫৭৬-০৩ এর আওতায় বাস্তবায়িত প্রকল্পের সর্বসাকুল্য বিল ১১,২৬,৫৫৩/- (এগারো লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত তেপ্পান্ন) টাকা (ভ্যাট ও আয়করসহ), ভ্যাট=৮৪,৪৯১/-, আয়কর=৩৩,৭৯৭/- এবং নীট বিল ১০,০৮,২৬৫/- (দশ লক্ষ আট হাজার দুইশত পঁয়ষট্টি) টাকার বিল দাখিল করেছেন। তিনি বিল দুইটি উপজেলা পরিষদ সভায় অনুমোদনসহ পরিশোধের জন্য উপস্থাপন করেন। দাখিলকৃত বিলসমূহ পরিশোধের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে বোড়ামারা অটিজম ও প্রতিবন্ধী বিদ্যালয়ের শ্রেণিকক্ষ বৃদ্ধিকরণ প্রকল্পের ২৭,৪৯,১৮৩/- (সাতাশ লক্ষ উনপঞ্চাশ হাজার একশত তিরাশি) টাকার এবং চারিখাদা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে হাইজিন কর্ণার নির্মাণ প্রকল্পের ১১,২৬,৫৫৩/- (এগারো লক্ষ ছাব্বিশ হাজার পাঁচশত তেপ্পান্ন) টাকার বিল অনুমোদনসহ পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বিল পরিশোধের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী এবং ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর<br><br>ইউডিএফ, নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| **#৩। উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগীয় ইপিআই কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। ইপিআই কার্যক্রমের আওতায় মার্চ/২৩ মাসে বিসিজি টিকা প্রদান করা হয়েছে ৪৮৯টি, পেন্টা ও পি.সি.ভি মোট ১২১০টি করে মোট ১২৩৫টি, এম.আর ৭৯৫টি এবং মহিলাদের টিকা অর্জন ৬৯৮ যার মধ্যে গর্ভবর্তী ১২৮টি। কোভিড টিকাদান কার্যক্রমের আওতায় মোট গণটিকা প্রদানের সংখ্যা-৪৭৯৩টি, সদর উপজেলা টিকা কেন্দ্রে টিকা দেয়া হয়েছে-১২০৩টি, মোট নমুনা সংগ্রহ সংখ্যা-০০টি এর মধ্যে ০০টি পজিটিভ। মার্চ/২০২৩ মাসে মোট মৃত্যুর সংখ্যা- ০০ জন। এ বছরে মোট মৃত্যুর সংখ্যা-০০জন। তিনটি উপ-স্বাস্থ্য কেন্দ্রে মার্চ ২০২৩ মাসে বহি:বিভাগে মোট ২৩৯৮ জন রোগীর প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। এছাড়া ৩১টি সিসিতে মার্চ/২০২৩ মাসে মোট ৪৯০০ জনকে প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়েছে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ নড়াইল সদর উপজেলা পরিষদ কেন্দ্রে কোভিড-১৯ এর ভ্যাকসিনেশন কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| **#৪। উপজেলা কৃষি বিভাগ:** উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা কৃষি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য পজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর |
| **#৫। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:** উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| **#৬। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ:** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণ ও আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, নড়াইল সদর |
| **#৭। উপজেলা মৎস্য বিভাগ:** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২০২৩ মাসে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে বিভিন্ন মাছ বাজার পরিদর্শন এবং সচেতনতা সভা অব্যাহত আছে। রাজস্ব খাতের আওতায় ২০ জন চাষীর মধ্যে মাছের রোগ বালাই ও তার প্রতিকার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ মাসে মোট ১৪টি মৎস্য খাদ্যে লাইসেন্স নবায়ন করা হয়েছে, মোট ২৫ জন মৎস্য চাষীর মাঝে মাছ চাষের পরামর্শ এবং ১৬টি ঘের সরেজমিনে পরিদর্শন করে পরামর্শ প্রদান করা হয়েছে। মৎস্য আড়ত, ফিস ল্যান্ডিং সেন্টার ও মাছ বাজারে গণসচেতনতা সভা ও পরিদর্শন অব্যাহত আছে। এছাড়া মৎস্য আড়ত, ফিস ল্যান্ডিং সেন্টার ও বরফকলের মোট ১১টি লাইসেন্স নবায়ন এর জন্য প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান জাতীয় মৎস্য পুরস্কার-২০২৩ এর জন্য প্রার্থী মনোনয়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে এবং তার বিভাগের অন্যান্য কার্যক্রম যথারীতি চলছে। | আলোচনান্তে মৎস্য সংরক্ষণ আইন, মৎস্য মান নিয়ন্ত্রণ আইন ও ফরমালিনের অপব্যবহার রোধকল্পে নিয়মিত বাজার পরির্দন, গণসচেতনতা সভার আয়োজন, মাছের ঘের পরিদর্শন এবং মৎস্য চাষীদের মাছ চাষ সম্পর্কে পরামর্শ ও প্রশিক্ষণ প্রদান করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নড়াইল সদর |
| **#৮। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ:** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার কার্যালয় হতে মার্চ/২০২৩ মাসে বিভিন্ন সমিতির সদস্যদের মাঝে ৮৬,৩৬ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ঋণ আদায় হয়েছে ৬১.৭০ লক্ষ টাকা, শেয়ার আদায় হয়েছে ০.৮৩ লক্ষ টাকা এবং সঞ্চয় আদায় হয়েছে ৪.১১ লক্ষ টাকা। সমিতিগুলির সদস্য সংখ্যা-৪৩ জন। তিনি আরও জানান স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার বিভাগের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরসহ তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার নড়াইল সদর |

| | | |
|---|---|---|
| ৯। উপজেলা খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর সভায় জানান যে, বর্তমানে নড়াইল খাদ্য গুদামে ধান- মজুদ নাই, চাল-৩১৪৬.৭৫৮ মে: টন, গম-২২৩.০২৮ মে: টন এবং খালি বস্তা-২,০২,৬৬৪ খানা মজুদ আছে। এছাড়া খাদ্য শস্য সংগ্রহ লক্ষ্যমাত্রা আমন সিদ্ধ চাল ৯২৬.০০০ মে:টন, অর্জন-৭১৬.৪০০ মে:টন, সংগ্রহ মূল্য-৪২/-টাকা, ধান-১১০৪.০০০ মে:টন, অর্জন-নাই, সংগ্রহ মূল্য-২৮/-টাকা। চাল কল লাইসেন্সধারী ৩৩টি চুক্তিবদ্ধ ১৪টি এবং চুক্তির পরিমাণ ৭১৬.৪০০ মে:টন। ইস্যুকৃত ডিও'র অনুকূলে বিতরণকৃত খাদ্যশস্যের পরিমাণ চাল খাতভিত্তিক ইপি-৪১.৮০৭ মে:টন, ওপি-৬.০০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন, ওএমএস-১০৮.০০০ মে: টন, জিআর- ৩৫.০০০ মে:টন এবং ভিজিডি-১০০.৮৬০ মে:টন। গম খাতভিত্তিক ইপি-৩৯.০১১ মে:টন, ওপি- ১.০০০ মে: টন, মুক্তিযোদ্ধা-২.০০০ মে:টন এবং আটাকল- ৩৩৪.০০০ মে:টন। এছাড়া তিনি বিভিন্ন খাদ্য সামগ্রীর বাজার দর সভায় উপস্থাপন করেন। চাল মোটা-৪৪/--৪৫/-টাকা, চাল মাঝারী-৫২/--৫৩/- টাকা, চাল সরু-৬৩/--৬৪/- টাকা, ধান মোটা-২৬/--২৮/ টাকা, ধান মাঝারী-৩০/- -৩২/- টাকা, আটা লুজ-৫৭/--৫৮/- টাকা, আটা প্যাকেট-৬২/--৬৩/- টাকা, চিনি-১১০/--১১৫/- টাকা, ডাউল মুশুরি-৯৫/--১০০/- টাকা, সয়াবিন তেল-১৮০/--১৮৫/- টাকা এবং সরিষার তেল-২০০/--২১০/- টাকা। তিনি আরও জানান দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | খাদ্য বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা করাসহ করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল |
| ১০। সমাজসেবা বিভাগ:<br>উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | সমাজসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর |
| ১১। যুব উন্নয়ন বিভাগ:<br>উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের ঋন বিতরণ ও আদায় এবং অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা নড়াইল সদর |
| #১২। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, মার্চ/২০২৩ মাসে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির আওতায় ভ্যাসেকটমি লক্ষ্যমাত্রা ০৪, অর্জন নতুন ০০, মোট-৮৯০, টিউবেকটমি লক্ষ্যমাত্রা ৩৯, অর্জন নতুন ১৩, মোট-৬০৬২, আইইউডি লক্ষ্যমাত্রা ৫৫, অর্জন নতুন ১৯, মোট-১৬৪৪, ইমপ্লান্ট লক্ষ্যমাত্রা ৬০, অর্জন নতুন ৩৫, মোট-২৭৭২, ইনজেকশন লক্ষ্যমাত্রা ২৫৫, অর্জন নতুন ২১৩ মোট-৭৭৪০, খাবার বড়ি লক্ষ্যমাত্রা ৩০০, অর্জন নতুন ২৭৯, মোট ২৪৪৩৫, কনডম লক্ষ্যমাত্রা ৮৩, অর্জন নতুন ১০৯ মোট ৬২২০, মোট সক্ষম দম্পতি ৬২৯৬১, মোট গ্রহণকারী ৪৯৭৪২ এবং সি এ আর ৭৯.০২%। তিনি আরও জানান স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নড়াইল সদর |
| #১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, এ উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানসমূহে (বিদ্যালয় ও কলেজ) মাধ্যমিক পর্যায়ের IMS এর তথ্য হালনাগাদ কার্যক্রম চলছে। শিক্ষকদের করিকুলাম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণের শিক্ষক সহায়িকা বিতরণের কার্যক্রম শেষ হয়েছে। আয়রণ ফলিক এ্যাসিড ট্যাবলেট বিতরণের কাজ চলছে। শিক্ষক/কর্মচারীদের অনলাইন এমপিও কার্যক্রম শেষ হয়েছে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান হতে হিন্দু তফসিল সম্প্রদায়ের আবেদন এক্সেল সিট জেলা শিক্ষা অফিসে প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল |

| | | |
|---|---|---|
| **#১৪। বাংলাদেশ পল্লী উন্নয়ন বিভাগ (পল্লী জীবিকায়ন কর্মসূচি):** উপজেলা প্রকল্প কর্মকর্তা (অ:দা:), পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর সভায় জানান যে, তার কার্যালয় হতে মার্চ/২০২৩ মাসে সমিতির সদস্যদের মাঝে কোন ঋণ বিতরণ করা হয়নি। ঋণ আদায় হয়েছে ৫.১০ লক্ষ টাকা, শেয়ার আদায় এবং সঞ্চয় আদায় হয়নি। মাস শেষে খেলাপী ঋণের পরিমাণ ৪৮.৪২ লক্ষ টাকা। | আলোচনান্তে পল্লী জীবিকায়ন কর্মসূচির আওতায় ঋণ বিতরণ এবং বিতরণকৃত ঋণ আদায়ের গতি বৃদ্ধিকরণ, করোনা ভাইরাসের (কোভিড-১৯) সংক্রমণ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লী জীবিকায়ন কর্মসূচি, বি,আর,ডি,বি, নড়াইল সদর |
| **#১৫। পরিসংখ্যান বিভাগ:** উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, Sample Vital Registration (SVSB) প্রকল্পের অধীন Sample Vital Registration System জরিপ এর তথ্য সংগ্রহ কাজ প্রতি মাসের ০১-১৫ তারিখের মধ্যে করা হয়। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ন্যাশনাল একাউন্টিং উইং এর মূল্য ও মজুরি শাখার বিভিন্ন সূচকের (দর ছকের মাধ্যমে) তথ্য সংগ্রহের কাজ প্রতি মাসের ১২-১৮ তারিখের মধ্যে করা হয়। CAPI পদ্ধতিতে হাউজহোল্ড ইনকাম এন্ড এক্সপেনডিচার সার্ভে (HIES) ২০২৩ এর লিস্টিং কার্যক্রম এবং CAPI অ্যাপ্লিকেশনের মাধ্যমে তথ্য সংগ্রহের কার্যক্রম ০৯/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। CAPI পদ্ধতিতে শ্রম শক্তি জরিপ এবং জাতীয় শিশুশ্রম জরিপের লিস্টিং কার্যক্রম ০১/১১/২০২১ তারিখ হতে শুরু হয়ে বর্তমান চলমান আছে। তিনি আরও জানান বার্ষিক কৃষি পঞ্জিকার মাধ্যমে মাসব্যাপী বিভিন্ন প্রধান ও অপ্রধান ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ করা হয়। | উপজেলা পরিসংখ্যান বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর চতুর্থ ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর |
| **#১৬। উপজেলা রিসোর্স সেন্টার:** ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা রিসোর্স সেন্টারের কাজকর্ম ও প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরসহ আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয় | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর |
| **১৭। মহিলা বিষয়ক অধিদপ্তর:** উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান মার্চ/২০২৩ মাস পর্যন্ত মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় নড়াইল সদর উপজেলায় ৮৫৫ জনকে (ক্রমপুঞ্জিত) ৫২২৪০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ডিসেম্বর/২০২২ মাসে ঋণ আদায় হয়েছে ১০,৫০০/-টাকা। মার্চ ২০২৩ মাসে ভারনারেবুল উইমেন বেনিফিট ভিডব্লউবি) চক্রের আওতায় নড়াইল সদর উপজেলার ১৩টি ইউনিয়নে ১৬৭৫ জন উপকারভোগীর মাঝে মহিলাদের খাদ্য বিতরণ করা হয়েছে। নড়াইল সদর উপজেলা ১৩টি ইউনিয়নের প্রতিটিতে ১৫৬ জন করে সর্বমোট ২০২৮ জন চলমান মাতৃত্বকাল ভাতাভোগী আছে এবং জুলাই/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত উক্ত ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। এছাড়াও ভাতাভোগীদেরকে এনজিওর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। নড়াইল পৌরসভায় “কর্মজীবি ল্যাকটেটিং মাদার সহায়তা কর্মসূচির আওতায় ১১০০ জন ভাতাভোগী আছে এবং ভাতাভোগীগণ মাসে ৮০০/- হিসেবে ৬ মাসে ৪,৮০০/- টাকা করে স্ব-স্ব ব্যাংক হিসাবের মাধ্যমে ভাতা উত্তোলন করেছেন। নড়াইল সদর উপজেলায় ৩০টি স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন আছে। সক্রিয় সংগঠনগুলি যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কাজ করছে। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল এর কার্যালয়ের প্রশিক্ষণ কেন্দ্রে অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পর্যন্ত তিন মাস মেয়াদে ৫টি ট্রেডে ১০ জন করে মোট ৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় এ উপজেলায় ১৪টি কিশোর-কিশোরী ক্লাব আছে। ক্লাবে আগত কিশোর কিশোরীদেরকে সংগীত শিক্ষক, আবৃত্তি শিক্ষক এবং জেন্ডার প্রমোটারের মাধ্যমে সাংস্কৃতিক চর্চাসহ জেন্ডার বিষয়ক পরামর্শ দেয়া হয়। | মহিলা বিষয়ক অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পন্ন করা, বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, যৌতুক নিরোধ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ নিরোধ বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণসহ তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর চতুর্থ ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপপরিচালক, মহিলা বিষয়ক অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল |

| | | |
|---|---|---|
| সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | আলোচনান্তে সমবায় বিভাগের দৈনন্দিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও বিতরণকৃত ঋণ আদায়ের হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর |
| **#১৯। বীজ বিভাগ:**<br>সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ২০২২-২০২৩ বিতরণ বর্ষে রবি মৌসুমে বরাদ্দকৃত বিভিন্ন জাতের বোরো ধান বীজ ও গম বীজ, ডাল ও তৈলবীজ বিক্রয় কার্যক্রম সমাপ্ত হয়েছে। গ্রীষ্মকালীন সবজি বীজ ও পাট বীজের এর বরাদ্দ পাওয়া গেলে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। তিনি আরও জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | আলোচনান্তে বিএডিসি বীজ বিভাগের বীজ বিতরণ কার্যক্রম এবং দাপ্তরিক কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণের জন্য সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদরকে অনুরোধ জানানো হয়। | সিনিয়র,সহকারী পরিচালক, বীজ বিপণন, নড়াইল সদর |
| **২০। জনস্বাস্থ্য বিভাগ:** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল সভায় তার কার্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের মার্চ/২০২৩ মাসের বিভিন্ন উন্নয়নমূলক ভৌত কাজের মাসিক অগ্রগতি সম্পর্কে জানান যে, ১. সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ক) ১ম বরাদ্দ (২০১৯-২০) ৩৩৮টি, কাজ সমাপ্ত, খ) ২য় বরাদ্দ (২০২০-২১) ৩৩৮টি, ৫৫টি কাজ সমাপ্ত। বাকী কাজ বন্ধ। বিষয়টি উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে। গ) ৩য় বরাদ্দ (২০২২-২৩) ৩৩৮টি, সাইট সিলেকশন চলমান আছে। ঘ) ৪র্থ বরাদ্দ (২০২২-২৩) ৩৩৮টি, সাইট সিলেকশন চলমান আছে। ২. আশ্রয়ণ প্রকল্প (পানির উৎস/নলকূপ স্থাপন কাজ) ৬ নং অগভীর নলকূপ, ৬নং গভীর নলকূপ ও তারা গভীর নলকূপ ৩য় ফেজে নির্মানাধীন ঘরের জন্য পানির উৎস/নলকূপ স্থাপন কাজের দরপত্র আহবান প্রক্রিয়াধীন আছে। ৩. পিইডিপি-৪ প্রকল্পের আওতায় দ্বিতল ওয়াশব্লক ১১টি, কাজের অগ্রগতি ৩০% এবং পানির উৎস টিএসপি ০৪টি, অগ্রগতি ৫০%, অবশিষ্ট কাজ চলমান আছে। ৪. NBIDGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক ৭টি, অগ্রগতি ৮৫%, ৫টি হস্তান্তর সম্পন্ন হয়েছে। পানির উৎস টিএসপি-এ বরাদ্দ ৩৮টি, অগ্রগতি ৩৮টি, অবশিষ্ট কাজ চলমান আছে। ৫. NBIDNNGPS-1 প্রকল্পে দ্বিতল ওয়াশ ব্লক নির্মাণ কাজ ১টি, কাজের অগ্রগতি ৭৫%, অবশিষ্ট কাজ চলমান আছে। পানির উৎস টিএসপি-এ বরাদ্দ ১৫টি, অগ্রগতি ১৫টি, অবশিষ্ট কাজ চলমান আছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন, গভীর ও অগভীর নলকূপ স্থাপন এবং ওয়াশব্লক নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ ও তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর, নড়াইল |
| **২১। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ:**<br>উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল এর পক্ষে উপস্থিত প্রতিনিধি সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার নড়াইল সদর |
| **#২২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নড়াইল সদর |
| **#২৩। উপজেলা নির্বাচন বিভাগ:**<br>উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা নির্বাচন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |

| | | |
|---|---|---|
| ...নায়ন বিভাগ: ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল সভায় জানান যে, করাত কল বিধিমালা-২০১২ অনুযায়ী অবৈধ করাতকল উচ্ছেদের চলমান অভিযান আরও জোরদার করার লক্ষ্যে অবৈধ করাত কলের বিদ্যুৎ সংযোগ না দেয়াসহ সংযোগ থাকলে তা বিচ্ছিন্ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের (ওজোপাডিকো/পল্লী বিদ্যুৎ সমিতি) প্রতি অনুরোধ জানান এবং অবৈধ করাত কলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার জন্য তিনি সংশ্লিষ্ট প্রশাসনকে অনুরোধ জানান। তিনি আরও জানান ২০২২-২৩ অর্থ বছরে ১০.০ কি: মি: স্ট্রীপ বাগান সৃজনের জন্য ১০,০০০ (দশ হাজার) টি চারা এবং ২০২২-২৩ অর্থ বছরে বিক্রয় বিতরণের জন্য নড়াইল সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্রের অধীন ১০,০০০ (দশ হাজার) টি চারা উত্তোলনসহ সরকারি মূল্য ৯/- টাকায় বিক্রয় বিতরণ কার্যক্রম চলমান আছে। তার দাপ্তরিক কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। | আলোচনান্তে বন বিভাগের কাজকর্ম সুষ্ঠুভাবে সম্পাদন করা, সরকারি মূল্যে চারা বিক্রয় বিতরণ কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর সকল ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইলকে অনুরোধ জানানো হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল |
| **২৫। পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন:** উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, তার কার্যালয় হতে ২০২২-২০২৩ অর্থ বছরে ক্ষুদ্র ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা ৩৯০.০০ লক্ষ টাকা এবং জুলাই/২২ মাস পর্যন্ত বিতরণ ১২৪.৭০ লক্ষ টাকা। ক্ষুদ্র উদ্যোক্তা ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা ৯০.০০ লক্ষ টাকা এবং জুলাই/২২ হতে মার্চ/২৩ পর্যন্ত বিতরণ ৫৭.৯০ লক্ষ টাকা। এছাড়া চলতি অর্থ বছরে নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ ২৫ জন করে ৬টি ব্যাচ এবং দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের জন্য ৩টি ব্যাচ নির্ধারণ করা হয়েছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ ও তার দপ্তরের সকলকে কোভিড-১৯ এর চতুর্থ ডোজ ভ্যাকসিন গ্রহণের জন্য উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, নড়াইল সদর |
| **২৬। পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগ:** শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব নিশ্চিত করে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নেই। | পল্লী সঞ্চয় ব্যাংক বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করাসহ ঋণ বিতরণ ও আদায় কার্যক্রমে গতিশীলতা বৃদ্ধি করা এবং আগামী সভায় উপস্থিত থাকাসহ সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সসদর, নড়াইল |
| **২৭। উপজেলা তথ্যসেবা বিভাগ:** উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, নড়াইল সদর, নড়াইল সভায় অনুপস্থিত থাকায় কোন আলোচনা করা গেলনা। | উপজেলা তথ্যসেবা বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করা, নিয়মিত উঠান বৈঠক করা, করোনা ভাইরাস (কোভিড-১৯) এর সংক্রমণের চতুর্থ ঢেউ মোকাবেলায় মাস্ক ব্যবহার, স্বাস্থ্যবিধি অনুসরণ এবং আগামী সভার পূর্বে কার্যপত্র প্রেরণের জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, নড়াইল সদর |

**২৮। উপজেলা পরিষদের গৃহীত প্রকল্পসমূহ:**

উপজেলা পরিষদ চত্বরে সীমানা প্রাচীর সংস্কার ও মেরামত, উপজেলা পরিষদের আবাসিক ভবন নিহারিকা সংস্কার ও মেরামত, নড়াইল সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রান্তিক কৃষকদের মাঝে ধানমাড়াই মেশিন বিতরণ, নড়াইল সদর উপজেলার বিভিন্ন ইউনিয়নে দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ ও উপজেলার বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের মাঝে ক্যালকুলেটর বিতরণের প্রকল্প গ্রহণ করা হয়। ইউনিয়ন পরিষদের সদস্যদের মাধ্যমে বিধি-বিধান অনুসরণে উল্লিখিত প্রকল্প বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তিনি আরও জানান উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদ সভায় অনুমোদন প্রয়োজন।

এডিপি প্রকল্প

প্রকল্পের নাম: উপজেলার বিভিন্ন ইউনিয়নে প্রান্তিক কৃষকদের মাঝে ধানমাড়াই মেশিন বিতরণ।

কমিটির বিবরণ:

বরাদ্দ: ২০০,০০০/-

| | | | |
|---|---|---|---|
| ০১ | আব্বাস উদ্দিন | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সভাপতি |
| ০২ | মোসা: শিরিনা | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সেক্রেটারী |
| ০৩ | সুরঞ্জন গুপ্ত | ইউ,পি সদস্য শেখহাটি নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৪ | অজিত কবিরাজ | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৫ | তৃষ্ণা বিশ্বাস | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৬ | মো: রোকনুজ্জামান | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৭ | মিতালী বিশ্বাস | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |

ল্পের নাম: উপজেলার বিভিন্ন ইউনিয়নে দু:স্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ ।

মিটির বিবরণ: বরাদ্দ: ২০০,০০০/-

| | | | |
|---|---|---|---|
| ০১ | মোসা: শিরিনা | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সভাপতি |
| ০২ | আব্বাস উদ্দিন | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সেক্রেটারী |
| ০৩ | অজিত কবিরাজ | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৪ | সুরঞ্জন গুপ্ত | ইউ,পি সদস্য শেখহাটি নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৫ | তৃষ্ণা বিশ্বাস | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৬ | মো: রোকনুজ্জামান | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৭ | মিতালী বিশ্বাস | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |

প্রকল্পের নাম: উপজেলার বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে ছাত্র ছাত্রীদের মাঝে ক্যালকুলেটর বিতরণ ।

কমিটির বিবরণ: বরাদ্দ: ১,৫৪,১২০/-

| | | | |
|---|---|---|---|
| ০১ | তৃষ্ণা বিশ্বাস | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সভাপতি |
| ০২ | মোসা: শিরিনা | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সেক্রেটারী |
| ০৩ | সুরঞ্জন গুপ্ত | ইউ,পি সদস্য শেখহাটি নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৪ | অজিত কবিরাজ | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৫ | আব্বাস উদ্দিন | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৬ | মো: রোকনুজ্জামান | উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৭ | মিতালী বিশ্বাস | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |

রাজস্ব তহবিলের অর্থায়নে

প্রকল্পের নাম: উপজেলা পরিষদ চত্বরে বাউন্ডারী ওয়াল সংস্কার ।

কমিটির বিবরণ: বরাদ্দ: ২০০,০০০/-

| | | | |
|---|---|---|---|
| ০১ | নার্গিস খানম | মহিলা ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সভাপতি |
| ০২ | শিউলি বেগম | মহিলা ইউ,পি সদস্য তুলারামপুর নড়াইল সদর, নড়াইল। | সেক্রেটারী |
| ০৩ | মঞ্জুরা বেগম | মহিলা ইউ,পি সদস্য কলোড়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৪ | অজিত কবিরাজ | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৫ | মোসা: শিরিনা | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৬ | মো: এনামুল হক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৭ | মিতালী বিশ্বাস | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |

প্রকল্পের নাম: উপজেলা পরিষদের আবাসিক ভবন নিহারিকা সংস্কার ।

কমিটির বিবরণ: বরাদ্দ: ২০০০০০/-

| | | | |
|---|---|---|---|
| ০১ | শিউলি বেগম | মহিলা ইউ,পি সদস্য তুলারামপুর নড়াইল সদর, নড়াইল। | সভাপতি |
| ০২ | নার্গিস খানম | মহিলা ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সেক্রেটারী |
| ০৩ | মঞ্জুরা বেগম | মহিলা ইউ,পি সদস্য কলোড়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৪ | মোসা: শিরিনা | ইউ,পি সদস্য আউড়িয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৫ | অজিত কবিরাজ | ইউ,পি সদস্য মুলিয়া নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৬ | মো: এনামুল হক | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা নড়াইল সদর, নড়াইল। | সদস্য |
| ০৭ | মিতালী বিশ্বাস | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | সদস্য |

য় বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত উপজেলার উন্নয়নের স্বার্থে গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

<table>
<tr>
<td>২৯। উপজেলা প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, ১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র ২৬ সেপ্টেম্বর ২০২২ তারিখের ৪৬ .০০ .০০০০.০৪৬.১৮.১৫৭.১৬-৫৩৫ নম্বর পত্রে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে প্রাক্কলন অনুযায়ী ২৯,৮১,৬০৯/- (উনত্রিশ লক্ষ একাশি হাজার ছয়শত নয়) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে নড়াইল সদর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন এবং ২. একই মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের উপজেলা-০১ শাখা'র ২৭ নভেম্বর ২০২২ তারিখের ৪৬.০০ .০০০০ .০৪৬ .২৬ .১৫৭ .২০১৬-২৬০ নম্বর পত্রে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে ৪৩,১৪,৩১৭/- (তেতাল্লিশ লক্ষ চৌদ্দ হাজার তিনশত সতেরো) টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশু পার্ক নির্মাণ প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন দেয়া হয়। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য সকল বিধি-বিধান অনুসরণ করে গত ৮/১১/২০২২ খ্রি. তারিখে ০৩/২০২২-২০২৩ (এলটিএম) নম্বর টেন্ডার আহ্বান করা হয় এবং ৫% উচ্চমূল্যে অর্থাৎ ৩১,৩০,৬৮০/- (একত্রিশ লক্ষ ত্রিশ হাজার ছয়শত আশি) টাকা চুক্তিমূল্যে মেসার্স জে এন টেলিকম, সদর হাসপাতাল রোড, নড়াইলকে ঠিকাদার নির্বাচন করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ কাজের ১ম চলতি বিল প্রদান করা হয়। এছাড়া উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশু পার্ক নির্মাণ প্রকল্প বাস্তবায়নের জন্য গত ১৪/১২/২০২২ খ্রি. তারিখে ০৪/২০২২-২০২৩ (এলটিএম) নম্বর টেন্ডার আহ্বান করা হয় এবং ৫% নিম্নমূল্যে অর্থাৎ ৪০,৯৮,৬০১/-(চল্লিশ লক্ষ আটানব্বই হাজার ছয়শত এক) টাকা চুক্তিমূল্যে মেসার্স বিশ্বাস এন্ড সন্স, গোপীনাথপুর, লক্ষীপাশা, লোহাগড়া, নড়াইলকে ঠিকাদার নির্বাচন করা হয়। তিনি আরও জানান ঠিকাদারগণ কর্তৃক প্রকল্প দুইটি বাস্তাবায়নের কাজ চলমান আছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>আলোচনান্তে নড়াইল সদর উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ প্রকল্প এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে শিশু পার্ক নির্মাণ প্রকল্প দুইটির কাজ প্রাক্কলন অনুযায়ী যাতে ঠিকাদার কর্তৃক দ্রুত বাস্তবায়িত হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইলকে অনুরোধ করা হয়। উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সীমানা প্রাচীর সংস্কার ও বাসভবনের গেট নির্মাণ কাজের ১ম চলতি বিল প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। ১ম চলতি বিল ১৭৭১৭২০/- (সতেরো লক্ষ একাত্তর হাজার সাতশত বিশ) টাকার একাউন্ট পে চেক মেসার্স জে এন টিলিকম, নড়াইল সদর, নড়াইলকে এবং ৭.৫% ভ্যাট ও ৩% আয়কর হিসেবে ২২০১৫৪/- সরকারি খাতে জমা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রকৌশলী নড়াইল সদর</td>
</tr>
<tr>
<td>৩০। (ক) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল সভায় জানান যে, উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর এপ্রিল/২০২৩ মাসের ভ্রমণ ভাতা বিল নিম্নোক্তভাবে পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্র নং</th><th>নাম ও পদবি</th><th>মাসের নাম</th><th>টাকার পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>জনাব মোঃ নিজাম উদ্দিন খান নিলু চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>এপ্রিল/২০২৩</td><td>১৩,১২৫/</td></tr>
<tr><td>২</td><td>জনাব ইসমত আরা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>এপ্রিল/২০২৩</td><td>৮,৫০০/-</td></tr>
<tr><td></td><td>তোফায়েল মাহমুদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর</td><td>এপ্রিল/২০২৩</td><td>৮,৫০০/-</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
</td>
<td>(ক) আলোচনান্তে উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান এর মার্চ/২০২৩ মাসের ভ্রমণভাতা বিল যথাক্রমে ১৩,১২৫/- (তেরো হাজার একশত পঁচিশ) টাকা, ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টকা এবং ৮,৫০০/- (আট হাজার পাঁচশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ নড়াইল সদর<br><br>উপজেলা নির্বাহী অফিসার নড়াইল সদর</td>
</tr>
<tr>
<td>(গ) উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর সভায় জানান যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে স্থাপিত মটর দ্বারা পানি উত্তোলন করে বিভিন্ন অফিসে সরবরাহ করা হয় কিন্তু দীর্ঘদিনের পুরাতন পানির লাইন ভেঙ্গে যাওয়ায় এবং পুরাতন মটর দ্বারা পানির ট্যাংকিতে পানি উত্তোলন কর সম্ভব হচ্ছে মর্মে জরুরিভাবে পানির লাইন মেরামত ও নতুন মটর লাগানোর জন্য জনাব মোঃ জালাল উদ্দিন, ইলেক্ট্রিশিয়ান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর যথাযথ কর্তপক্ষের মাধ্যমে আবেদন করেছেন। উক্ত ভবনে পানি সরবরাহ অব্যাহত রাখতে পানির পাম্প ক্রয় এবং পানির লাইন মেরামত করা প্রয়াজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td>
<td>(গ) আলোচনান্তে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবনে পানি সরবরাহ অব্যাহত রাখতে নতুন পানির পাম্প লাগানোসহ পানির লাইন মেরামতের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ<br><br>উপজেলা নির্বাহী অফিসার নড়াইল সদর<br><br>উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>
উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর এপ্রিল/২০২৩ মাসের দৈনিক মজুরি বিল, উপজেলা পরিষদের এপ্রিল/২০২৩ মাসের আনুষঙ্গিক ও আপ্যায়ন বিল, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের মার্চ/২০২৩ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল, এপ্রিল/২০২৩ মাসে উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম (কম্পিউটার প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের বিল, এপ্রিল/২০২৩ মাসে সোলার প্যানেলের ০১টি ব্যাটারি এবং অন্যান্য মালামাল ক্রয়ের বিল, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের সিসি ক্যামেরার লাইন মেরামত ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল, উপজেলা চেয়ারম্যান গাড়ি নম্বর-ঘ-১১-০০৯ এর নভেম্বর ২০২২ হতে মার্চ ২০২৩ এর জ্বালানি বিল, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের হার্ড ডিস্ক ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের সিসি ক্যামেরার এ্যাডাপটর ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের আবাসিক এলাকার ০২টি ড্রেন পরিষ্কার বাবদ শ্রমিক মজুরির বিল, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের সেফটি ট্যাংক ও পরিষদ চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ শ্রমিক মজুরির বিল, আনসার ব্যোরাকের এপ্রিল/২০২৩ মাসের বিদ্যুৎ বিল অনুমোদন।
<table>
<tr><td>(ক)</td><td>উপজেলা পরিষদের মালির এপ্রিল/২৩ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১০,৪৫০/-</td></tr>
<tr><td>(খ)</td><td>উপজেলা পরিষদের পরিচ্ছন্ন কর্মীর এপ্রিল/২৩ মাসের দৈনিক মজুরি বিল</td><td>১০,৪৫০/-</td></tr>
<tr><td>(গ)</td><td>উপজেলা পরিষদের এপ্রিল/২৩ মাসের আনুষঙ্গিক খরচ বিল</td><td>৫,০০০/-</td></tr>
<tr><td>(ঘ)</td><td>উপজেলা পরিষদের এপ্রিল/২৩ মাসের আপ্যায়ন খরচ বিল</td><td>৩০,০০০/-</td></tr>
<tr><td>(ঙ)</td><td>নিরাপত্তায় আনসার সদস্যদের মার্চ/২৩ মাসে গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল</td><td>৫,২৩২/-</td></tr>
<tr><td>(চ)</td><td>এপ্রিল/২০২৩ মাসে উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম (কম্পিউটার প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের বিল</td><td>২৪,৯০০/</td></tr>
<tr><td>(ছ)</td><td>এপ্রিল/২০২৩ মাসে সোলার প্যানেলের ০১টি ব্যাটারি এবং অন্যান্য মালামাল ক্রয়ের বিল</td><td>২৪,৯৭৫/-</td></tr>
<tr><td>(জ)</td><td>এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের সিসি ক্যামেরার লাইন মেরামত ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল</td><td>২৪,৯০০/-</td></tr>
<tr><td>(ঝ)</td><td>উপজেলা চেয়ারম্যান গাড়ি নম্বর-ঘ-১১-০০৯ এর নভেম্বর ২০২২ হতে মার্চ ২০২৩ এর জ্বালানি বিল</td><td>১,৫৭,২৭৬/-</td></tr>
<tr><td>(ঞ)</td><td>এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের হার্ড ডিস্ক ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল</td><td>২৪,৯৫০/-</td></tr>
<tr><td>(ট)</td><td>এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের সিসি ক্যামেরার এ্যাডাপটর ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল</td><td>২৪৯৮০/-</td></tr>
<tr><td>(ঠ)</td><td>এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের আবাসিক এলাকার ০২টি ড্রেন পরিষ্কার বাবদ শ্রমিক মজুরির বিল</td><td>২৪৯৬০/-</td></tr>
<tr><td>(ড)</td><td>এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের সেফটি ট্যাংক ও পরিষদ চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ শ্রমিক মজুরির বিল</td><td>২৪৯৯০/-</td></tr>
<tr><td>(ঢ)</td><td>আনসার ব্যারাকের মার্চ/২০২৩ মাসের বিদ্যুৎ বিল</td><td>১২৯০/-</td></tr>
</table>
</td>
<td>আলোচনান্তে উপজেলা পরিষদের মালি ও পরিচ্ছন্ন কর্মীর এপ্রিল/২০২৩ মাসের দৈনিক মজুরি বিল যথাক্রমে ১০,৪৫০/- টাকা ও ১০,৪৫০/- টাকা, উপজেলা পরিষদের/২০২৩ মাসের আনুষঙ্গিক খরচ বিল-৫,০০০/- টাকা ও আপ্যায়ন খরচ বিল-৩০,০০০/- টাকা, নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের এপ্রিল/২০২৩ মাসে রান্নার গ্যাস ও অন্যান্য মালামাল ক্রয় বিল-৫,২৩২/- টাকা, এপ্রিল/২০২৩ মাসে উপজেলা পরিষদের অফিস সরঞ্জাম (কম্পিউটার প্রিন্টার ও স্ক্যানার ক্রয়ের বিল-২৪৯০০/-, এপ্রিল/২০২৩ মাসে সোলার প্যানেলের ০১টি ব্যাটারি এবং অন্যান্য মালামাল ক্রয়ের বিল-২৪৯৭৫/-, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের সিসি ক্যামেরার লাইন মেরামত ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল-২৪৯০০/-, উপজেলা চেয়ারম্যান গাড়ি নম্বর-ঘ-১১-০০৯ এর নভেম্বর ২০২২ হতে মার্চ ২০২৩ এর জ্বালানি বিল-১৫৭২৭৬/-, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের কম্পিউটারের হার্ড ডিস্ক ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল-২৪৯৫০/-, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদ কার্যালয়ের সিসি ক্যামেরার এ্যাডাপটর ও অন্যান্য মালামাল ক্রয়ের বিল-২৪৯৮০/-, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের আবাসিক এলাকার ০২টি ড্রেন পরিষ্কার বাবদ শ্রমিক মজুরির বিল-২৪৯৬০/-, এপ্রিল/২৩ মাসে উপজেলা পরিষদের সেফটি ট্যাংক ও পরিষদ চত্বর পরিষ্কার-পরিচ্ছন্ন বাবদ শ্রমিক মজুরির বিল-২৪৯৯০/- এবং আনসার ব্যারাকের ফেব্রুয়ারি/২০২৩ মাসের বিদ্যুৎ বিল-১২৯০/- টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত সভায় সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।</td>
<td>চেয়ারম্যান, উপজেলা পরিষদ নড়াইল সদর<br>উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর</td>
</tr>
</table>

অত:পর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নিজাম উদ্দিন খান নিলু
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
নড়াইল সদর, নড়াইল

স্মারক নম্বর: ০৫.৪৪.৬৫৭৬.০০১.০১.০৩৩.২৩-৪১৮ (৫০) তারিখ : ৩০/০৪/২০২৩ খ্রি.

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৩-নড়াইল-১
৩. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৯৪-নড়াইল-২
৪. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৭. জেলা প্রশাসক, নড়াইল

অনুলিপি-জ্ঞাতার্থে ও কার্যার্থে-

৮. মেয়র, নড়াইল পৌরসভা, নড়াইল
৯. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১০. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল
১১. উপজেলা.......................................................... অফিসার, নড়াইল সদর, নড়াইল
১২. চেয়ারম্যান ................................................... ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল

30.04.23

সাদিয়া ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার
নড়াইল সদর, নড়াইল

৩০/০৪/২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট- ক’ দ্রষ্টব্য:

| উপস্থিত সদস্য | অনুপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|
| ১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ১. মেয়র, নড়াইল পৌরসভা পক্ষে প্রতিনিধি |
| ২. উপজেলা নির্বাহী অফিসার, নড়াইল সদর, নড়াইল | ২. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৩. উপজেলা নির্বাচন অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৪. চেয়ারম্যান, মাইজপাড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৪. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, নড়াইল সদর, নড়াইল |
| ৫. চেয়ারম্যান, হবখালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৫. উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, নড়াইল সদর, নড়াইল |
| ৬. চেয়ারম্যান, চন্ডিবরপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৬. চেয়ারম্যান, আউড়িয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল |
| ৭. চেয়ারম্যান, শাহাবাদ ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৭. চেয়ারম্যান, সিংগাশোলপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর |
| ৮. চেয়ারম্যান, তুলারামপুর ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | ৮. ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, নড়াইল |
| ৯. চেয়ারম্যান, শেখহাটী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১০. চেয়ারম্যান, কলোড়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১১. চেয়ারম্যান, ভদ্রবিলা ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১২. চেয়ারম্যান, বাঁশগ্রাম ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৩. চেয়ারম্যান, বিছালী ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৪. চেয়ারম্যান, মুলিয়া ইউনিয়ন পরিষদ, নড়াইল সদর, নড়াইল | |
| ১৫. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর | |
| ১৬. উপজেলা কৃষি অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৭. সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৮.উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ১৯. উপজেলা প্রকৌশলী, নড়াইল সদর, নড়াইল | |
| ২০. উপজেলা সমাজসেবা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২১. উপজেলা শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২২. উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৪. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নড়াইল সদর২ | |
| ২৫. অফিসার-ইনচার্জ, নড়াইল সদর থানা, নড়াইল | |
| ২৬. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৭. উপজেলা যুব উন্নয়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৮. উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ২৯. উপজেলা সমবায় অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩০. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নড়াইল সদর, নড়াইল | |
| ৩১..উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, নড়াইল | |
| ৩২. উপজেলা প্রকল্প কর্মকর্তা,পল্লী জীবিকায়ন কর্মসূচি, নড়াইল সদর | |
| ৩৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন নার্সারী ও প্রশিক্ষণ কেন্দ্র, নড়াইল | |
| ৩৪. সিনিয়র সহকারী পরিচালক (বীবি), বিএডিসি, নড়াইল সদর | |
| ৩৫. উপজেলা পরিসংখ্যান অফিসার, নড়াইল সদর, নড়াইল | |
| ৩৬. ইউডিএফ, ইউজিডিপি, নড়াইল সদর, নড়াইল | |
| ৩৭. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নড়াইল | |
| ৩৮. উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, নড়াইল সদর | |
| ৩৯. উপজেলা তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র, নড়াইল সদর, নড়াইল | |

8